# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 07.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের মনোনীত প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনুস, সবাইকে বর্তমান পরিস্থিতিতে শান্ত এবং সবধরনের সহিংসতা থেকে বিরত থাকার আবেদন জানিয়েছেন। আগামীকাল প্যারিস থেকে দেশে ফিরছেন তিনি।

২) পশ্চিমবঙ্গে ভারত বাংলাদেশ সীমান্তের বেশিরভাগ জায়গায় আমদানি রপ্তানি বাণিজ্য শুরু হওয়ায় ব্যবসায়ীরা স্বস্তিতে।

৩) অশান্ত বাংলাদেশে রবীন্দ্রনাথের মূর্তি ভাঙার তীব্র নিন্দা করেছে বিজেপি।

৪) রাজ্য মন্ত্রিসভায় কিছু রদবদল করা হয়েছে। নতুন সেচমন্ত্রী হয়েছেন মানস ভুইঞা। দায়িত্ব বেড়েছে একাধিক মন্ত্রীর।

৫) বিষ্ণুপুরে একটি হ্যান্ডলুম ভিলেজ গড়ে তুলছে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক।

৬) আজ ২২ শে শ্রাবণ। কবিগুরুর প্রয়াণ দিবসে তাঁরই রচিত গানে কবিতায় স্মরণ করা হচ্ছে তাঁকে।

---

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের মনোনীত প্রধান উপদেষ্টা ডক্টর মহম্মদ ইউনুস আগামীকাল প্যারিস থেকে দেশে ফিরছেন। আজ এক বার্তায় তিনি সাহসী ছাত্রদের

অভিনন্দন জানিয়ে তিনি বলেছেন, নতুন এই বিজয়ের সর্বোত্তম সদ্ ব্যবহার সুনিশ্চিত করতে সাবইকে এগিয়ে আসতে হবে। বর্তমান পরিস্থিতিতে সবাইকে শান্ত থাকার এবং সবধরনের সহিংসতা ও স্থাবর-অস্থাবর সম্পত্তি বিনষ্ট করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে শান্তিতে নোবেল জয়ী ডক্টর ইউনুস বলেছেন, তাঁদের কোনো প্রকার ভুলের কারণে যেন এই বিজয় হাতছাড়া হয়ে না যায়। সেনাপ্রধান জেনারেল ওয়াকারুজ্জামান জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের প্রধান ডক্টর ইউনুসকে সশস্ত্র বাহিনী সবধরনের সহায়তা করবে। আগামীকাল অন্তর্বর্তী সরকার শপথ নিতে পারে।

এদিকে, সেনাবাহিনীর পর পুলিশ বাহিনীর শীর্ষ স্তরেও বড় ধরনের রদবদল করা হয়েছে।

ঢাকার নয়াপল্টনে আজ সমাবেশ করে বিএনপি। দলের চেয়ারপার্সন, প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার একটি ভিডিও বক্তব্য সমাবেশে শোনানো হয়। এই বার্তায় ধ্বংস, প্রতিশোধ বা প্রতিহিংসা নয়, ভালোবাসা ও শান্তির সমাজ গড়ে তোলার আবেদন জানিয়েছেন তিনি।

ঢাকায় ভারতীয় হাই কমিশন, সেদেশে থাকা ভারতীয় নাগরিকদের উদ্দেশে অ্যাডভাইসারি জারি করে স্থানীয়ভাবে যাতায়াত এড়ানোর এবং নিজেদের বসবাসের জায়গা ছেড়ে না বেরোনোর পরামর্শ দিয়েছে।

---------------------------------

শেখ হাসিনা সরকারের পতনের পর অশান্ত বাংলাদেশের পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হতেই কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে আমদানি শুরু হয়েছিল। আজ সকাল থেকে রপ্তানিও শুরু হয়েছে। পরিস্থিতির উন্নতি হওয়ায় খুশি ব্যবসায়ীরা।

অন্যদিকে চ্যাংড়াবান্ধা ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে দু পারের মানুষ যাতায়াত শুরু করেছেন ঠিকই, তবে সংখ্যা অনেকটাই কম শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি সীমান্ত দিয়েও আজ শুরু হয়েছে ভারত বাংলাদেশ আমদানি - রপ্তানি। স্বস্তিতে ব্যবসায়ীমহল। তবে এই তিন দিনে অন্তত চার কোটি টাকার ক্ষতি হয়েছে বলে খবর। তবে  সকাল থেকে শুধু  ভুটানের গাড়ি বাংলাদেশে যাওয়ার অনুমতি দেওয়া হয়।

মালদার মহদিপুর সীমান্তে দু দিন বাণিজ্য বন্ধ থাকার পর শুরু হল ভারত - বাংলাদেশ রপ্তানি। বাংলাদেশ থেকে সবুজ সংকেত মেলায় ভারত থেকে পণ্যবাহী লরি পাঠানো শুরু হয়। দু'দিন ধরে সীমান্ত আটকে ছিল সাড়ে তিনশো পন্যবাহী গাড়ি।

এদিকে, উত্তর ২৪ পরগণার বনগাঁর পেট্রাপোল সীমান্তে আমদানি রপ্তানি বন্ধ থাকায় নষ্ট হল ৫০ লক্ষ টাকার মাছ।  বাংলাদেশের হিংসার ঘটনার জেরে সোমবার থেকেই বন্ধ আমদানি রপ্তানি। ওড়িশার চিলিকা থেকে সামুদ্রিক মাছ নিয়ে সোমবার সকাল ৭টা নাগাদ পেট্রাপোলে এসে পৌঁছায় ৪টি ট্রাক। কাস্টমসের ক্লিয়ারেন্স না পাওয়ায় পার্কিংয়েই দাঁড়িয়ে ট্রাকগুলি। তার মধ্য থেকে দুটি ট্রাকের মাছে পচন ধরতে শুরু করেছে।

দেশের অন্যতম গুরুত্বপূর্ণ ও বৃহত্তম স্থলবন্দর পেট্রাপোলের গেট এ দিনও পণ্যবাহী ট্রাকের জন্য বন্ধই রইল। সমস্যায় পড়েছেন মুদ্রা বিনিময় ব্যবসায়ী থেকে অটো চালক, বেসরকারি বাস কর্মচারী, মোটবাহক থেকে দিনমজুর সকলেই। মুদ্রা বিনিময়ে ব্যবসায়ী বাপ্পা ঘোষ জানালেন, সারা বছর বাংলাদেশে যাত্রীদের ওপরেই তাঁরা নির্ভর করেন। কিন্ত এখন যাত্রী নেই বললেই চলে।

বাইট

বাস পরিষেবাও বন্ধের মুখে। এ পর্যন্ত কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে পেট্রাপোলের বাণিজ্যে। কবে পুরোপুরি স্বাভাবিক হয় বাংলাদেশের পরিস্থিতি, সেদিকেই এখন তাকিয়ে সকলে।

তবে বসিরহাটের ঘোজাডাঙ্গা সীমান্তে আমদানি রপ্তানি বাণিজ্য স্বাভাবিক রয়েছে। যাতায়াতও স্বাভাবিক।

--------------------------------

বাংলাদেশের সংখ্যালঘু প্রায় ২০০-২৫০ মানুষ জলপাইগুড়ি জেলার দক্ষিণ বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার ঝাপরতলা সীমান্ত চৌকিতে এসে আশ্রয় চেয়েছেন। পঞ্চগড় জেলার পাঁচটি গ্রামের ঐ বাসিন্দারা জানিয়েছেন, তাদের ঘরবাড়ি ভেঙে দেওয়া হয়েছে। প্রাণ বাঁচাতে ভারতে আশ্রয় চাইছেন তাঁরা।

অন্যদিকে, পড়শী দেশে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে বিএসএফ, ভারত বাংলাদেশ সীমান্ত এলাকায় পাট কেটে নেওয়ার জন্য কৃষকদের কাছে আবেদন জানিয়েছে। বিশেষ করে গেদে এলাকায় সীমান্তের কাঁটা তারের বেড়ার কাছেই পাট চাষের জমি থাকায় নজরদারির কাজে অসুবিধা হচ্ছে। এই কারণে গ্রামবাসীদের পাট কেটে নেওয়ার লিখিত আবেদন জানিয়েছেন ৩২ নম্বর ব্যাটেলিয়ানের কমান্ডান্ট সুজিত কুমার।

--------------------------------

বিজেপি, বাংলাদেশে রবীন্দ্রনাথের মূর্তি ভাঙার নিন্দা করেছে। কলকাতায় আজ রাজ্য বিজেপির সদর কার্যালয়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের তিরোধান দিবস পালন উপলক্ষে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই বিষয়টি প্রাসঙ্গিক বলেই আজকের অনুষ্ঠানে আলোচনা হচ্ছে। আজ বাইশে

শ্রাবণ। তবে গত দুদিন ধরে বাংলাদেশে যেভাবে কবিগুরুর মূর্তি ভেঙে ফেলা হচ্ছে তা অত্যন্ত দুঃখের বিষয়।

বাইট

রাজ্যে তথাকথিত রবীন্দ্র প্রেমী বুদ্ধিজীবীরা কবে এর প্রতিবাদে রবীন্দ্রসদন থেকে মোমবাতি নিয়ে মিছিল করবে বিরোধী দলনেতা সেই প্রশ্ন তোলেন। বিরোধী দলনেতা জানান, গতকাল দিল্লিতে তিনি জাতীয় নিরাপত্তা পরিষদের সদস্য ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বাংলাদেশে হিন্দুদের ও হিন্দু মন্দিরগুলির সুরক্ষায় পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়েছেন।

--------------------------------

রাজ্য মন্ত্রিসভায় আজ কিছু রদবদল করা হয়েছে। দায়িত্ব বেড়েছে কয়েকজন মন্ত্রীর। রাজ্যের নতুন সেচমন্ত্রী হয়েছেন মানস ভুইঞাঁ। একই সঙ্গে জলসম্পদ উন্নয়ন দফতরের দায়িত্বও তিনি পালন করবেন। আগে সেচ ও শিল্প পুনর্গঠন দফতর ছিল পার্থ ভৌমিকের হাতে। তিনি এখন ব্যারাকপুরের সাংসদ। তাই তাঁর হাতে থাকা দুটি দফতর ভাগ করে মানস ভুঁইয়া ও বাবুল সুপ্রিয়র হাতে দেওয়া হয়েছে।

অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এখন থেকে পরিবেশ দফতরেরও স্বাধীন দায়িত্ব পালন করবেন। একই সঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রতিমন্ত্রীর দায়িত্বও থাকছে তাঁর হাতে।

পরিবেশ দফতরের মন্ত্রী মহম্মদ গোলাম রব্বানিকে অচিরাচরিত শক্তি দফতরের দায়িত্ব দেওয়া হয়েছে। বাবুল সুপ্রিয় ছিলেন তথ্যপ্রযুক্তি দফতরের মন্ত্রী। অতিরিক্ত

হিসেবে শিল্প পুনর্গঠন দপ্তরের দায়িত্বও পেলেন তিনি। এই মর্মে নবান্ন থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

মন্ত্রিসভার এই রদবদল রাজ্যপালের অনুমোদনের জন্য বেশ কিছুদিন আটকে ছিল বলে প্রশাসনিক সূত্রে খবর। অবশেষে রাজ্যপালের অনুমোদন মেলায় আনুষ্ঠানিকভাবে তা ঘোষণা করা হলো।

--------------------------------

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক, বিষ্ণুপুরে একটি হ্যান্ডলুম ভিলেজ গড়ে তুলছে। কলকাতায় আজ জাতীয় হ্যান্ডলুম দিবস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানে ওয়েভার সার্ভিস সেন্টারের উপ অধিকর্তা লক্ষণ চন্দ্র বসাক বলেন, হ্যান্ডলুম ভিলেজ বস্ত্র মন্ত্রকের একটি প্রকল্প। এর লক্ষ্য, তাঁত শিল্পীদের সামগ্রিক উন্নয়ন। বিষ্ণুপুরের তাঁত শিল্প ও শিল্পীদের তুলে ধরতে এই হ্যান্ডলুম ভিলেজ গড়ে তোলা হবে। তাঁত শিল্পীদের সুবিধার্থে উন্নত যন্ত্র দেওয়া হবে এবং তাদের তৈরি তাঁত বস্ত্র বিক্রির ব্যবস্থা করা হবে। আগামীদিনে কাটোয়া ও ফুলিয়াতেও এ ধরণের হ্যান্ডলুম ভিলেজ গড়ে তোলার পরিকল্পনা রয়েছে বলে শ্রী বসাক জানান।

উল্লেখ্য, কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে এই প্রকল্পে কাজ করছে। রাজ্যের ডাইরেক্টরেট অফ টেক্সটাইলের যুগ্ম অধিকর্তা আশীষ নারায়ন ব্যানার্জি জানিয়েছেন, বালুচরী শিল্পের প্রসারে এবং মন্দিরনগরী হিসেবে বিষ্ণুপুরকে আরও আকর্ষণীয় করে তুলতে এই প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

--------------------------------

আজ ২২ শে শ্রাবণ। বিশ্ব কবি রবীন্দ্রনাথের ৮৪ তম প্রয়াণ দিবস। তাঁরই রচিত গানে কবিতায় স্মরণ করা হচ্ছে তাঁকে। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

শান্তিনিকেতনে বৈতালিক, ব্রহ্ম উপাসনা, বৃক্ষরোপণ ইত্যাদির মধ্যে দিয়ে কবিগুরুকে স্মরণ করা হয়। বোলপুর পুরসভা ডাকবাংলো মাঠে হাজার কন্ঠে রবীন্দ্রসঙ্গীতের আয়োজন করে।

---------------------------------

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

---------------------------------

হাওড়ার শ্যামপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আজ এক যুবকের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, মেঘনাদ বেরা নামে বছর ২৫-এর ঐ যুবক একটি হোটেলের ছাদ থেকে পানের পিক ফেলতে গিয়ে টাল সামলাতে না পেরে বিদ্যুতবাহী তারের ওপর পড়ে যান। পেশায় হোটেল কর্মী মেঘনাদের বাড়ি পূর্ব মেদিনীপুরে।

---------------------------------

মেরামতি ও ভারবহন ক্ষমতা পরীক্ষার মতো কাজের জন্য আজ রাত থেকে কলকাতার মা উড়ালপুল দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে। রাত ১২টা থেকে ভোর পাঁচটা পর্যন্ত এই উড়ালপুল দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। তবে কতদিন এই কাজ চলবে সেই কথা উল্লেখ করা হয়নি।

---------------------------------

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবলের গ্রূপ লিগ ম্যাচে ইস্টবেঙ্গল, ডাউনটাউন হিরোজের মুখোমুখি হয়েছে। বিরতিতে ইস্টবেঙ্গল ২-১ গোলে এগিয়ে আছে। ইস্টবেঙ্গলের পক্ষে মাদিল তালাল, সাউল ক্রেসপো গোল করেছেন। ডাউনটাউন হিরোজের হয়ে গোল করেছেন আফ্রিন পারে।

---------------------------------   ---------------------------------